# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৯৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ ইখলাস মুসলিম ব্যক্তিকে উপকার দিবে এমনকি ইসলামপূর্ব সময়ে যা মন্দ কাজ করেছিল তা মিটিয়ে দিবে, আর নিফাক থাকলে তার কোন সৎ আমল উপকারে আসবে না

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْمَرْءَ الْمُسْلِمَ يَنْفَعُهُ إِخْلَاصُهُ حَتَّى يُحْبِطَ مَا كَانَ قَبْلَ الْإِسْلَامِ مِنَ السَّيِّئَةِ وَأَنَّ نِفاقه لَا تَنْفَعُهُ مَعَهُ الْأَعْمَالُ الصالحة

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ أَيُؤَاخِذُ اللَّهُ أحدنا بِمَا كَانَ يَعْمَلُ فِي الْجَاهِلِيَّةِ؟ قَالَ:(مَنْ أَحْسَنَ فِي الْإِسْلَامِ لَمْ يُؤاخذ بِمَا عَمِلَ فِي الْجَاهِلِيَّةِ وَمَنْ أَسَاءَ فِي الْإِسْلَامِ أخذ بالأوَّل والآخر).

الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 397 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৯৭. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি বললো: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আল্লাহ কি আমাদের কারো জাহেলী যুগে কৃত কর্মের জন্য পাকড়াও করবেন?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যে ব্যক্তি ইসলামে উত্তম কাজ করবে, তাকে তার জাহেলী যুগে কৃত কাজের জন্য পাকড়াও করবেন না। আর ইসলামে মন্দ কাজ করবে, তাকে শুরুর ও শেষের সব কাজের জন্য পাকড়াও করবেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪০৯; মুসন্নাফ আব্দুর রাযযাক: ১/৪২৯; সহীহ আল বুখারী: ৬৯২১; সুনানু বাইহাকী: ৯/১২৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৮; সহীহ মুসলিম: ১২০; বাযযার: ৭৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসঊদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88696

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন